



# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)

ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

আইসিটি টাওয়ার, প্লট নং-ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

## সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ রাশেদুল ইসলাম, সচিব, বিসিসি

তারিখ : ২৯ জুন ২০২০

সময় : বিকাল ৪.০০ টা

সভার স্থান : অনলাইন বৈঠক প্ল্যাটফর্ম

সভার উপস্থিতি :

১.	মোহাম্মদ রাশেদুল ইসলাম, সচিব, বিসিসি।
২.	মোহাম্মদ মনিরুল ইসলাম, আঞ্চলিক পরিচালক, বিসিসি।
৩.	রেজওয়ানা শারমিন, এনালিস্ট (কোড রিভিউ), বিসিসি।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম বলেন যে, বিসিসি'র সিটিজেন চার্টার প্রণয়ন পূর্বক ওয়েবসাইট এবং অফিস সম্মুখে স্থাপন করা হয়েছে। তিনি আরও বলেন যে, প্রতিটি শাখায় স্বতন্ত্র সিটিজেন চার্টার স্থাপন করা প্রয়োজন। উল্লিখিত বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন।

০২। সভায় বিসিসি কর্তৃক প্রদত্ত সেবাসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা হয়। বিসিসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর নিম্নোক্ত দুটি কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, নিম্নোক্ত সেবাসমূহ যথাযথভাবে প্রদান করা হয়:

সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার সমস্যা নিরসনে হেল্পডেস্ক পরিচালনা	e-mail, Internet, Telephone, Mobile Letter এর মাধ্যমে বর্ণিত লিংক (helpdesk@bcc.net.bd ) এ ই-মেইল আসার পর যাচাই-বাছাই করে সেবা প্রদান করা হয়।	আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ও www.bcc.gov.bd সহ বিসিসি'র সকল আঞ্চলিক কার্যালয়	বিনামূল্যে	ই-মেইল/ ফোন প্রাপ্তির ১ দিনের মধ্যে।	সঠিক সময়ে সেবা প্রদান করা হয়।
আইসিটি বিষয়ক বিবিধ কোর্স, আইসিটি ডিপ্লোমা	বিজ্ঞপ্তির মাধ্যমে যাচাই বাছাই করে প্রার্থী নির্বাচন পূর্বক সরাসরি কম্পিউটার ল্যাবে প্রশিক্ষণ	আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ও www.bcc.gov.bd	বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশিত	বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার	সঠিক সময়ে সেবা প্রদান করা হয়।


সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
ও আইসিটি পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা	প্রদান।	সহ বিসিসি'র সকল আঞ্চলিক কার্যালয়		পূর্ব ঘোষিত সময়ানুযায়ী।	


০৩। বিস্তারিত পর্যালোচনা শেষে সভায় নিম্নলিখিত সুপারিশ গ্রহণ করা হয়:


ক) সকল শাখায় সিটিজেন চার্টার স্থাপন করতে হবে।

খ) কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে সেবা প্রদান প্রতিশ্রুতি এবং সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা প্রদানের নিমিত্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

  
২৯.০৬.২০২১  
রেজওয়ানা শারমিন  
এনালিস্ট (কোড রিভিউ)

  
২৯/০৬/২০২১  
মোহাম্মদ মনিরুল ইসলাম  
আঞ্চলিক পরিচালক

  
২৯.০৬.২০২১  
মোহাম্মদ রাশেদুল ইসলাম  
সচিব